গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মান্দা, নওগাঁ
www.manda.naogaon.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৬৪৪৭.০০০০.১২.০০৩.২২. ৭৪১ তারিখ : ২৫/০১/২০২২ খ্রি.

## ১৪২৯ বাংলা সনের হাট বাজার ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের প্রশসনা-২শাখার ২১/০৯/২০১১ খ্রি. (০৬/০৬/১৪১৮ বঙ্গাব্দ) তারিখের ৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং পত্রে জারীকৃত নীতিমালা মোতাবেক মান্দা উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৯ বঙ্গাব্দের (০১ বৈশাখ ১৪২৯ হতে ৩০ চৈত্র ১৪২৯ পর্যন্ত) জন্য ০১(এক) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে শর্তসাপেক্ষে অনুমোদিত দরপত্র ফরমে আগ্রহী দরদাতাদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, উপজেলা ভূমি অফিস মান্দা, নওগাঁ, মান্দা থানা (পুলিশ ষ্টেশন), সোনালী ব্যাংক লিমিটেড, মান্দা শাখা ও জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ (স্থানীয় সরকার শাখা) হতে নিম্নলিখিত হারে নগদ মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ /নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় /উপজেলা ভূমি অফিস মান্দা, নওগাঁয় রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত দিনে সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিন অর্থাৎ দরপত্র দাখিলের দিন বিকেল ৩.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে ।

## দরপত্র বিক্রয় ও দরপত্র গ্রহণের সময় সূচী (ক্যালেন্ডার)

| পর্যায় সমূহ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর ১.০০পর্যন্ত) |
|---|---|---|
| ১ম | ১৪/০২/২০২২ | ১৫/০২/২০২২ |
| ২য | ০১/০৩/২০২২ | ০২/৩/২০২২ |
| ৩য | ১৪/০৩/২০২২ | ১৫/০৩/২০২২ |
| ৪র্থ | ৩০/০৩/২০২২ | ৩১/০৩/২০২২ |
| ৫ম | ১১/০৪/২০২২ | ১২/০৪/২০২২ |
| ৬ষ্ঠ | ২৫/০৪/২০২২ | ২৬/০৪/২০২২ |

## বাংলা ১৪২৯ সনের জন্য ইজারাযোগ্য হাটবাজারসমূহ :

| ক্র. নং | ইউনিয়নের নাম | হাটবাজারের নাম | বাংলা ১৪২৯ সনের সরকারি ইজারামূল্য | দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ০১ | ভারশোঁ | চৌবাড়িয়া হাট | ৫২০৬২৪৩০/- | ১০৪৮০০/- |
| ০২ | গনেশপুর | সুতি হাট | ১০৯২৭৭১৭/- | ২২৬০০/- |
| ০৩ | কুশুম্বা | দেলুয়াবাড়ি হাট (রিক্সা,ভ্যান সাইকেল ও দৈনন্দিন কাঁচা বাজার) | ৮৫১০৭৪০/- | ১৭৮০০/- |
| ০৪ | তেঁতুলিয়া | সাবাই হাট | ১৯৭১৬০০/- | ৪৬০০/- |
| ০৫ | মান্দা | নবগ্রাম হাট | ৬৩৪৪১/- | ৫০০/- |
| ০৬ | ভারশোঁ | পাকুড়িয়া হাট | ৮৬৭৬/- | ৫০০/- |
| ০৭ | কশব | পাঁজরভাঙ্গা হাট | ৭০৭৪০৯/- | ২২০০/- |
| ০৮ | মান্দা | প্রসাদপুর হাট | ১২৩১৪৩৮/- | ৩২০০/- |
| ০৯ | কালিকাপুর | চককালিকাপুর হাট | ৫৮৩০/- | ৫০০/- |
| ১০ | কালিকাপুর | সোনাদীঘি হাট | ৩৪৬৬২/- | ৫০০/- |
| ১১ | ভারশোঁ | আলালপুর হাট | ৫৭৭৯৭/- | ৫০০/- |
| ১২ | ভালাইন | বৈদ্যপুর হাট | ৯৯৬৪০/- | ৫০০/- |

চলমান পাতা/০২

৪

| ক্র. নং | ইউনিয়নের নাম | হাটবাজারের নাম | বাংলা ১৪২৯ সনের সরকারি ইজারামূল্য | দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১৩ | পরানপুর | গোপালপুর হাট | ১১৮৮৯৭/- | ১০০০/- |
| ১৪ | মৈনম | মৈনম হাট | ৫০৪৯১/- | ৫০০/- |
| ১৫ | কুশুম্বা | স্বাধীনবাংলা হাট | ২৬৫২৩/- | ৫০০/- |
| ১৬ | তেঁতুলিয়া | নারায়নপুর হাট | ১৩৩৮৪/- | ৫০০/- |
| ১৭ | নূরুল্ল্যাবাদ | জোতবাজার হাট | ৫২৪২৭৬/- | ১৮০০/- |
| ১৮ | কালিকাপুর | চকগৌরি হাট | ৫০৪৫৬০/- | ১৮০০/- |
| ১৯ | মান্দা | কালিকাপুর হাট | ৫৬০২১/- | ৫০০/- |
| ২০ | বিষ্ণুপুর | চকশৈল্যা হাট | ১৮৮১৫/- | ৫০০/- |
| ২১ | কালিকাপুর | কাদিরগঞ্জ হাট | ৪২৯৩০/- | ৫০০/- |
| ২২ | কশব | মিঠাপুর হাট | ১৩৬৮৮১/- | ১০০০/- |
| ২৩ | বিষ্ণুপুর | ফতেপুর হাট | ৩৬৬২৩৯/- | ১৪০০/- |
| ২৪ | বিষ্ণুপুর | জোকা হাট | ১০৪১৫২১/- | ২৮০০/- |
| ২৫ | প্রসাদপুর | গোটগাড়ী হাট | ৩৪০৯০/- | ৫০০/- |
| ২৬ | কাঁশোপাড়া | সিংগী হাট | ১৭৫২৫/- | ৫০০/- |
| ২৭ | কাঁশোপাড়া | খলিশাকুড়ি হাট | ২২৯৮৪৭/- | ১২০০/- |

১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারা শর্তাবলী

১। বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪২৯ সনের ৩০ শে চৈত্র ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য কোন হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার/পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায়/পর্যায়ের আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

০৮। প্রত্যেক হাট-বাজারের পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে =৩০০/-(তিনশত টাকা মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলো গণ্য হবে।

চলমান পাতা/০৩

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাঁকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫।০১।২২

(মোঃ আবু বাক্কার সিদ্দিক)
উপজেলা নির্বাহী অফিসার
মান্দা, নওগাঁ।
টেলি: ০২৫৮৮৮৮৬১০১ (অফিস)
ই-মেইল: unomanda@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৬৪৪৭.০০০০.১২.০০৩.২২.১৪১ তারিখ : ২৫/০১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। জেলা প্রশাসক, নওগাঁ।
২। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, নওগাঁ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

৫। উপজেলা নির্বাহী অফিসার, ............................................, নওগাঁ।
৬। সহকারী কমিশনার(ভূমি), মান্দা, নওগাঁ। নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হল।
৭। উপজেলা..................................................................., মান্দা, নওগাঁ। বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হল।
০৯। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, মান্দা, নওগাঁ।
১০। ম্যানেজার, .......................................................... ব্যাংক লিঃ, .................................. শাখা, মান্দা, নওগাঁ।
১১। চেয়ারম্যান,....................................................... (সকল) ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে এস, আর অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হল।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .............................. (সকল) ইউনিয়ন ভূমি অফিস, মান্দা, নওগাঁ। বিজ্ঞপ্তিটি তাঁর ভূমি অফিস এলাকায় মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা নিশ্চিতক্রমে এস, আর দাখিল করার জন্য বলা হল।
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, মান্দা, নওগাঁ।
১৪। জনাব.................................................. প্রাক্তন ইজারাদার, ....................................... বাজার, মান্দা, নওগাঁ।
১৬। সম্পাদক, ............................................। বর্ণিত বিজ্ঞপ্তিটি ৬ ইঞ্চি বাই ৭ ইঞ্চি আকারে তাঁর পত্রিকায় ১(এক) দিনের জন্য প্রকাশ করতঃ পত্রিকার ০৫(পাঁচ) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৭। নোটিশ বোর্ড, অত্রাফিস।

২৫।০১।২২

(মোঃ আবু বাক্কার সিদ্দিক)
উপজেলা নির্বাহী অফিসার
মান্দা, নওগাঁ